

কাজেম আলী স্কুল এন্ড কলেজ
অর্ধ-বার্ষিক মূল্যায়ন পরীক্ষা-২০২১ খ্রীঃ

নবম শ্রেণি

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট বিষয়ঃ খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা সৃজনশীল ৩০ নম্বর

১. হৃদয় প্রতিষ্ঠিত একজন যুবক। নিজের গ্রামের উন্নয়নের জন্য নৈশ বিদ্যালয়, রাস্তা সংস্কার, সেবা কেন্দ্র ইত্যাদি কল্যাণমূলক কাজ করেছেন। গ্রামের ধর্ম, বর্ণ, ধনী, গরিব, পাপী, সাধু, নারী-পুরুষ প্রত্যেকের সঙ্গেই তিনি সম্ভাব বজায় রেখেছেন। তাই সকলেই তাকে খুব পছন্দ করে।

ক. ঈশ্বরের শ্রেষ্ঠ সৃষ্টি কী ?

খ. স্বাধীনতা বা মুক্তি বলতে কী বোঝায় ?

গ. মুক্তি সম্পর্কে যীশুর কোন শিক্ষাটি হৃদয়ের মধ্যে ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর।

ঘ. স্বাধীন বা মুক্ত হওয়ার জন্য হৃদয়ের কাজের এই একটি দিক কি যথেষ্ট ? তোমার মতামত দাও।

২. তৃণা ও তৃষা যমজ বোন। বাহ্যিক চেহারা, গায়ের রং, উচ্চতা, কথা বলার ধরন সবই এক রকম। বুদ্ধির দিক থেকে প্রায় কাছাকাছি। তৃষা গরিব সহপাঠীদের লেখাপড়ার ক্ষেত্রে বিভিন্নভাবে সাহায্য সহযোগিতা করে। পিতামাতার বাধ্য এবং লেখাপড়ার পাশাপাশি সাংস্কৃতিক অঙ্গনে তার যথেষ্ট সুনাম রয়েছে। অপরদিকে তৃণা অলস, অন্যের প্রতি অমনোযোগী, নিজের সুযোগ সুবিধার প্রতি নজর বেশি।

ক. প্রকৃত শিক্ষা কী ?

খ. মানুষের সাথে সম্পর্ক রাখার প্রয়োজনীয়তা কী ? ব্যাখ্যা কর।

গ. তৃণা ও তৃষার মধ্যে যে পার্থক্য তাকে কী বলা হয় ? ব্যাখ্যা কর।

ঘ. 'তৃণা ও তৃষার যে পার্থক্য তার ইতিবাচক ও নেতিবাচক দুই ধরনের ফলাফলই রয়েছে'—মূল্যায়ন কর।

৩।

তনয়, সোহেল, চঞ্চল, প্রতিমা ও অভি সপ্তম শ্রেণির শিক্ষার্থী। শিক্ষাঙ্গনে তাদের অবদান অনেক। সোহেল পড়াশুনায় একটু দুর্বল। তাই বন্ধু মহল থেকে দূরে সরে যাচ্ছে। এক পর্যায়ে সে দুষ্ট বন্ধুদের সাথে মেলামেশা আরম্ভ করে। বন্ধুদের পাদ্রায় পড়ে নেশাখরস্তু হয়ে পড়ে, নিয়মিত স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। অভি সোহেলের ঘটনাটি লক্ষ করে। অভি স্কুলের পর সোহেলের বাড়িতে যায়। সোহেলের মানসিক অবস্থা সে বুঝতে পারে। সোহেলকে পুনরায় সঠিক পথে ফিরিয়ে আনার জন্য যথেষ্ট সময় দেয়, পড়াশুনা বুঝতে সাহায্য করে, সৎ পথে ফিরে আসতে উৎসাহিত করে।

ক. মানুষের জন্মের উদ্দেশ্য কী ?

খ. বন্ধুত্ব গড়ার ক্ষেত্রে স্বাধীনতার ভূমিকা ব্যাখ্যা কর।

গ. অভি সোহেলের কী ধরনের বন্ধু – বর্ণনা কর।

ঘ. 'সোহেল ভালো ও মন্দ বন্ধুর দ্বারা প্রভাবিত'— উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর।

সংক্ষিপ্ত প্রশ্নঃ ৫টি (৫ × ২) = ১০ নম্বর

১. স্বাধীনতা বলতে কী বোঝায় ?

২. বাধ্যতা ও স্বাধীনতা অঙ্গাঙ্গিভাবে জড়িত কেন ?

৩. ব্যক্তি স্বাতন্ত্র্যের তিনটি ইতিবাচক ফলাফল উল্লেখ কর।

৪. মানুষের সাথে মানুষের সম্পর্ক রাখার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।

৫. সেবা কাজে আত্মনিবেদন বলতে কী বোঝায় ?

বহুনির্বাচনিঃ ১০ নম্বরঃ

১. অভ্যন্তরীণ বাধা কয়টি ?

ক. দুইটি

খ. তিনটি

গ. চারটি

ঘ. পাঁচটি

২. যীশু পৃথিবীতে এসেছিলেন কেন ?

ক. যেন আমরা খাদ্য পাই

খ. যেন জীবন পাই

গ. নিরাপত্তা দেওয়ার জন্য

ঘ. সেবা দেওয়ার জন্য

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :

চয়ন পিতামাতার খুব প্রিয় সন্তান। ছোটবেলা থেকেই সে পিতামাতার কথামতো চলে। সে প্রতিদিন খুব সকালে ঘুম থেকে ওঠে, পড়ালেখা করে এবং প্রতিনিয়ত পারিবারিক প্রার্থনায় অংশগ্রহণ করে। এ কারণে অনেক সময় তার পিতামাতা তাকে পরিবারের দায়িত্ব দিয়ে নিশ্চিত থাকেন।

৩। চয়নের মধ্যে কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে ?

- | | |
|----------------|---------------|
| ক. কর্তৃত্বের | খ. বাধ্যতার |
| গ. কর্তৃপক্ষের | ঘ. বন্ধুত্বের |

৪। চয়নের এ ধরনের আচরণের কারণে পরিবারে আসতে পারে—

- | | |
|---------------|--------------------|
| i. মনোমালিন্য | ii. সুন্দর সম্পর্ক |
| iii. আনন্দ | |

নিচের কোনটি সঠিক ?

- | | |
|-------------|----------------|
| ক. i ও ii | খ. i ও iii |
| গ. ii ও iii | ঘ. i, ii ও iii |

৫।

শিক্ষাদান বা জ্ঞানদান কী ?

- | |
|----------------|
| ক. দয়ার কাজ |
| খ. মানবতার কাজ |
| গ. সেবা কাজ |
| ঘ. ভালো কাজ |

৬।

আমরা কীভাবে যীশুকে গ্রহণ করি ?

- | |
|-----------------------------|
| ক. বানীর মাধ্যমে |
| খ. জীবন যাপনের মাধ্যমে |
| গ. সাক্ষাৎসম্মেলনের মাধ্যমে |
| ঘ. খ্রিষ্টপ্রসাদের মাধ্যমে |

৭।

বন্ধুত্বের মাধ্যমে কী দূর হয়ে যায় ?

- | | |
|--------------|---------------|
| ক. নিঃসঙ্গতা | খ. অভাববোধ |
| গ. অসহায়বোধ | ঘ. দুশ্চিন্তা |

৮।

জেবেদের দুই ছেলে যাকোব ও যোহন যীশুর ডান-বাম পাশে বসতে চেয়েছিল কেন ?

- | | |
|------------------|---------------|
| ক. ক্ষমতা পেতে | খ. বাধ্য হয়ে |
| গ. বিশ্বাসী হয়ে | ঘ. সেবা করতে |

৯।

যীশু মানুষকে বন্ধু বলেছেন কেন ?

- | | |
|---------------------|--------------------|
| ক. সুসম্পর্কের জন্য | খ. আন্তরিকতার জন্য |
| গ. সমাজের জন্য | ঘ. ভালোবাসার জন্য |

১০।

স্বাধীনতার সাথে কোন বিষয়টি জড়িত ?

- | | |
|------------|------------|
| ক. শ্রদ্ধা | খ. ভক্তি |
| গ. নম্রতা | ঘ. বাধ্যতা |